# বাংলাদেশ কৃষি ব্যাংক

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা।

স্মারক নম্বর ঃ প্রকা/শানিব্যউবি-১(২৭)/বিবিধ(**BRDB**)/২০২৪-২০২৫/২১৮ তারিখ ঃ ২১ আগস্ট ২০২৪ খ্রি.

১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
২। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
৩। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
৪। ব্যবস্থাপক, সকল শাখা (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ **বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এবং বাংলাদেশ কৃষি ব্যাংকের মধ্যে সমঝোতা স্মারক (Memorandum of Understanding @ MOU) স্বাক্ষর প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এবং বাংলাদেশ কৃষি ব্যাংকের মধ্যে ১৯ আগস্ট ২০২৪ খ্রি. মোতাবেক সমঝোতা স্মারক (Memorandum of Understanding @ MOU) স্বাক্ষর সম্পন্ন হয়েছে। সমঝোতা স্মারক চুক্তির শর্তসমূহ নিম্নরূপ ঃ

**হিসাব খোলা ও পরিচালনা সংক্রান্ত শর্তসমূহ ঃ**

(১) বিআরডিবি এর 'দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো-২য় পর্যায়)' নামীয় প্রকল্পের আওতায় বাংলাদেশ কৃষি ব্যাংকে প্রচলিত স্টুডেন্ট সেভিংস একাউন্ট এর আদল ও নিয়মাচারে অত্র ব্যাংকের বিভিন্ন শাখায় "বিআরডিবি স্টুডেন্ট সেভিংস একাউন্ট" শিরোনামে হিসাব খোলা/পরিচালনা করা যাইবে।

(২) প্রতি মাসে প্রত্যেক কিশোরী তাদের সামর্থ্য অনুযায়ী ৫০ টাকা হইতে ২০০ টাকা অথবা ততোধিক সঞ্চয়ের অর্থ জমা প্রদান করিতে পারিবে। কিশোরীদের জমাকৃত সঞ্চয়ের উপরে বছর ভিত্তিতে সরকার হইতে ২০০% (২ গুণ) হারে বোনাস প্রদান করা যাইবে। তবে শর্ত থাকে যে, কোন কিশোরী সদস্য বছরে ২৪০০.০০ টাকার অধিক সঞ্চয় জমা করিলেও ৪৮০০.০০ টাকার বেশি সঞ্চয় প্রণোদনা প্রদানের সুযোগ থাকিবে না/প্রাপ্য হইবে না।

(৩) 'বিআরডিবি স্টুডেন্ট সেভিংস একাউন্ট' এ কিশোরীদের জমাকৃত সঞ্চয় এবং প্রদানকৃত সঞ্চয় প্রণোদনার অর্থ কিশোরীর বয়স ১৮ বছর পূর্ণ না হওয়া পর্যন্ত উক্ত হিসাব হইতে অর্থ উত্তোলনের কোন সুযোগ থাকিবে না। আরও শর্ত থাকে যে, ১৮ বছর পূর্ণ হওয়ার পূর্বে সঞ্চয় উত্তোলন করিলে তিনি সরকার হইতে কোন প্রণোদনার অর্থ প্রাপ্য হইবেন না।

(৪) Mobile Financial Service (MFS) এর মাধ্যমে কিশোরীদের সঞ্চয়ের অর্থ জমাকরণের সুযোগ থাকিবে এবং এ কার্যক্রমের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত পরিপত্র অনুযায়ী চার্জ/ফি আদায়যোগ্য হইবে। যাহা সংশ্লিষ্ট গ্রাহক অথবা প্রয়োজন সাপেক্ষে ২য় পক্ষকে ১ম পক্ষ পুনঃর্ভরণ প্রদান করিবে। পুনঃর্ভরণ কার্য সম্পাদনের নিমিত্তে ২য় পক্ষ ১ম পক্ষকে প্রযুক্তিগত সহায়তাসহ সার্বিক সহায়তা প্রদান করিবে।

(৫) 'বিআরডিবি স্টুডেন্ট সেভিংস একাউন্ট' শিরোনামে হিসাব খোলা কিশোরীর বয়স ১৮ বছর পূর্ণ হওয়ার পর বাল্য বিবাহ না হওয়ার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়ন/বিআরডিবির সংশ্লিষ্ট উপজেলা অফিস প্রধানের সম্মতি ব্যতিত সঞ্চয় ও প্রণোদনার অর্থ উত্তোলনের সুযোগ থাকিবে না।

চলমান পাতা-০২

(৬) অর্থ উত্তোলনের আবেদনের সাথে কিশোরীর জমাকৃত ও সঞ্চয় প্রণোদনাসহ সর্বমোট উত্তোলনযোগ্য সঞ্চয়ের পরিমাণ উল্লেখ করিতে হইবে।

(৭) কিশোরীর বয়স ১৮ বছর পূর্তিতে সঞ্চয় ফেরত প্রদানের ক্ষেত্রে সঞ্চয়ের প্রণোদনা ও লভ্যাংশসহ ফেরত প্রদান করিতে হইবে।

(৮) কিশোরীর বয়স ১৮ বছরের নিচে হইলে সঞ্চয় উত্তোলনের ক্ষেত্রে সদস্যপদ বাতিল হইবে এবং তার জমাকৃত সঞ্চয় ব্যাংক মুনাফাসহ ফেরত প্রদান করা যাইবে। তবে এই ক্ষেত্রে তিনি সঞ্চয় প্রণোদনার অর্থ প্রাপ্য হইবেন না।

(৯) মৃত সদস্যের সঞ্চয় ফেরত প্রদানের ক্ষেত্রে সঞ্চয়ের প্রণোদনা ও লভ্যাংশসহ তার জমাকৃত সঞ্চয়ের অর্থ প্রাপ্য হইবেন।

(১০) মৃত সদস্যের সঞ্চয় যথাযথ বিধি-বিধান অনুসরণপূর্বক তাহার মনোনীত নমিনি উত্তোলন করিতে পারিবেন।

(১১) যদি নমিনি মনোনীত করা না থাকে তাহলে দেশের প্রচলিত আইন অনুযায়ী তাহার বৈধ ওয়ারিশগণ সংশ্লিষ্ট সদস্যের জমাকৃত সঞ্চয়সহ সঞ্চয়ের প্রণোদনা ও লভ্যাংশের অর্থ প্রাপ্য হইবেন।

(১২) BRDB এর সদস্যগণ কর্তৃক খোলা নতুন হিসাবে চেক বই ইস্যু করা যাইবে।

(১৩) হিসাবের বিপরীতে কোনরূপ ব্যাংক চার্জ/ট্যাক্স কর্তন করা যাইবে না।

(১৪) কিশোরীদের সঞ্চয় জমা ও প্রণোদনা সংক্রান্ত SMS সুবিধা দ্বিতীয় পক্ষ কর্তৃক প্রদান করা হইবে এবং এ বাবদ ধার্যকৃত ফি/চার্জ বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত পরিপত্র অনুযায়ী কর্তনযোগ্য হইবে। যাহা সংশ্লিষ্ট গ্রাহক অথবা প্রয়োজন সাপেক্ষে ২য় পক্ষকে ১ম পক্ষ পুনঃর্ভরণ প্রদান করিবে। পুনঃর্ভরণ কার্য সম্পাদনের নিমিত্তে ২য় পক্ষ ১ম পক্ষকে প্রযুক্তিগত সহায়তাসহ সার্বিক সহায়তা প্রদান করিবে।

(১৫) হিসাবে জমাকৃত অর্থের বিপরীতে নির্দিষ্ট হারে লভ্যাংশ প্রদান করিতে হইবে।

(১৬) ব্যাংক কর্তৃক নিয়মিত মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক/বাৎসরিক সঞ্চয় জমা, প্রণোদনা ও লভ্যাংশ প্রদান সংক্রান্ত রিপোর্ট প্রদান করিতে হইবে।

(১৭) প্রকল্পের এ সংক্রান্ত সফটওয়্যার ও ব্যাংকের সফটওয়্যার (CBS) এর সাথে API ইন্টিগ্রেশন এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(১৮) ব্যাংকের প্রক্রিয়াগত কোন ধরণের ত্রুটি/জটিলতার কারণে প্রকল্প/কিশোরী সদস্যদের আর্থিক ক্ষতি সাধিত হলে তাহার ক্ষতিপূরণ ২য় পক্ষের উপর বর্তাইবে।

(১৯) বাংলাদেশ কৃষি ব্যাংকে বিদ্যমান স্টুডেন্ট সেভিংস হিসাব সংক্রান্ত নীতিমালা ও নিয়মাচার এর আওতায় "বিআরডিবি স্টুডেন্ট সেভিংস একাউন্ট" খুলে ব্যাংক বিধি মোতাবেক "নো ফ্রিল হিসাব" হিসেবে সুবিধাভোগীদের অগ্রাধিকার ভিত্তিতে কাঙ্খিত সেবা প্রদান করার সুযোগ থাকিতে হইবে।

(২০) এ সমঝোতা স্মারক ০১-০৭-২০২৪ খ্রি. তারিখ হইতে পরবর্তী ০২ (দুই) বৎসরের জন্য বলবৎ থাকিবে। তবে উভয় পক্ষের সম্মতিতে চুক্তির মেয়াদ বৃদ্ধি করা যাইবে।

(২১) হিসাব খোলা ও পরিচালনা সংক্রান্ত শর্তের কোনরূপ পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন/সংশোধন এর প্রয়োজন হইলে উভয়পক্ষের সম্মতিতে উহা করা যাইবে।

(২২) চুক্তির মেয়াদ সমাপ্তির পূর্বে যে কোন পক্ষ ০৩ (তিন) মাসের পূর্ব নোটিশে ইহা বাতিল করিতে পারিবে।

(২৩) এই চুক্তির বিষয়ে এবং এই চুক্তির অস্তিত্ব/যথার্থতা বা উহা বাতিল/সমাপ্তকরণ/সংশোধনের বিষয়ে কোনো বিরোধ দেখা দিলে উভয় পক্ষ আলোচনার মাধ্যমে উহা নিষ্পত্তি করিবে। কোনো কারণে উহা নিষ্পত্তি না হইলে প্রচলিত প্রযোজ্য আইন অনুসারে উহা নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হইবে।

চলমান পাতা-০৩

(২৪) এই চুক্তিতে কোনো বিষয় লিপিবদ্ধ না থাকিলে ঐ সকল বিষয়ে উদ্ভূত সমস্যা বাস্তব প্রেক্ষাপটের আলোকে উভয় পক্ষের মধ্যে পারস্পরিক সমঝোতার মাধ্যমে নিষ্পত্তি করা হইবে।

০৩। এমতাবস্থায়, অত্র চুক্তির মেয়াদকালের মধ্যে উপরোক্ত শর্তসমূহ যথাযথভাবে পরিপালন পূর্বক বাংলাদেশ কৃষি ব্যাংকে প্রচলিত স্টুডেন্ট সেভিংস একাউন্ট এর আদল ও নিয়মাচারে অত্র ব্যাংকের বিভিন্ন শাখায় "বিআরডিবি স্টুডেন্ট সেভিংস একাউন্ট" সংশ্লিষ্ট হিসাব খোলা ও পরিচালনার জন্য শাখাসমূহকে পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তি ঃ ০৩ (তিন) পাতা।

আপনার বিশ্বস্ত

(মোঃ আব্দুস সামাদ)
উপমহাব্যবস্থাপক

স্মারক নম্বর ঃ প্রকা/শানিব্যউবি-১(২৭)/বিবিধ(**BRDB**)/২০২৪-২০২৫/২১৮

তারিখ ঃ ২১ আগস্ট ২০২৪ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়/অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, ঢাকা।
০৪। প্রকল্প পরিচালক, ইরেসপো-২য় পর্যায়, বিআরডিবি, পল্লী ভবন, ৫ কারওয়ান বাজার, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে প্রকাশের জন্য উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগকে অনুরোধ করা হলো।)
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। নথি/মহানথি।

(মোহাম্মদ মইনুল ইসলাম খান)
সহকারী মহাব্যবস্থাপক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খস ৫৯৫৮৭০৮

**বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এবং বাংলাদেশ কৃষি ব্যাংক (বিকেবি)**

**এর মধ্যে**

## সমঝোতা স্মারক (MoU)

মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ইরেসপো-২য় পর্যায়, বিআরডিবি, ঢাকা

মোঃ আব্দুস সামাদ
উপমহাব্যবস্থাপক

**বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)**, পল্লী ভবন, ৫ কারওয়ান বাজার, ঢাকা এর পক্ষে 'দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো-২য় পর্যায়) প্রকল্প' **প্রথম পক্ষ** বলিয়া অভিহিত;

এবং

**বাংলাদেশ কৃষি ব্যাংক (বিকেবি)**, প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন, ৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০; এর পক্ষে বাংলাদেশ কৃষি ব্যাংক (বিকেবি), **কাওরান বাজার কর্পোরেট শাখা দ্বিতীয় পক্ষ** বলিয়া অভিহিত।

উপরে বর্ণিত প্রথম পক্ষ, দ্বিতীয় পক্ষের সহিত লিখিত আকারে একটি চুক্তি সম্পাদন করিবার অভিপ্রায় ব্যক্ত করিলে দ্বিতীয় পক্ষ উহাতে সম্মতি প্রদান করায় নিম্নে বর্ণিত শর্তে উভয় পক্ষ অত্র সমঝোতা স্মারক চুক্তি সম্পাদন করিতেছে;

**হিসাব খোলা ও পরিচালনা সংক্রান্ত শর্তসমূহ ঃ**

(১) বিআরডিবি এর 'দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো-২য় পর্যায়)' নামীয় প্রকল্পের আওতায় বাংলাদেশ কৃষি ব্যাংকে প্রচলিত স্টুডেন্ট সেভিংস একাউন্ট এর আদল ও নিয়মাচারে অত্র ব্যাংকের বিভিন্ন শাখায় "বিআরডিবি স্টুডেন্ট সেভিংস একাউন্ট" শিরোনামে হিসাব খোলা/পরিচালনা করা যাইবে।

(২) প্রতি মাসে প্রত্যেক কিশোরী তাদের সামর্থ্য অনুযায়ী ৫০ টাকা হইতে ২০০ টাকা অথবা ততোধিক সঞ্চয়ের অর্থ জমা প্রদান করিতে পারিবে। কিশোরীদের জমাকৃত সঞ্চয়ের উপরে বছর ভিত্তিতে সরকার হইতে ২০০% (২ গুণ) হারে বোনাস প্রদান করা যাইবে। তবে শর্ত থাকে যে, কোন কিশোরী সদস্য বছরে ২৪০০.০০ টাকার অধিক সঞ্চয় জমা করিলেও ৪৮০০.০০ টাকার বেশি সঞ্চয় প্রণোদনা প্রদানের সুযোগ থাকিবে না/প্রাপ্য হইবেন না।

(৩) 'বিআরডিবি স্টুডেন্ট সেভিংস একাউন্ট' এ কিশোরীদের জমাকৃত সঞ্চয় এবং প্রদানকৃত সঞ্চয় প্রণোদনার অর্থ কিশোরীর বয়স ১৮ বছর পূর্ণ না হওয়া পর্যন্ত উক্ত হিসাব হইতে কোন অর্থ উত্তোলনের সুযোগ থাকিবে না। আরও শর্ত থাকে যে, ১৮ বছর পূর্ণ হওয়ার পূর্বে সঞ্চয় উত্তোলন করিলে তিনি সরকার হইতে কোন প্রণোদনার অর্থ প্রাপ্য হইবেন না।

(৪) Mobile Financial Service (MFS) এর মাধ্যমে কিশোরীদের সঞ্চয়ের অর্থ জমাকরণের সুযোগ থাকিবে এবং এ কার্যক্রমের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত পরিপত্র অনুযায়ী চার্জ/ফি আদায়যোগ্য হইবে। যাহা সংশ্লিষ্ট গ্রাহক অথবা প্রয়োজন সাপেক্ষে ২য় পক্ষকে ১ম পক্ষ পুনর্ভরণ প্রদান করিবে। পুনর্ভরণ কার্য সম্পাদনের নিমিত্তে ২য় পক্ষ ১ম পক্ষকে প্রযুক্তিগত সহায়তাসহ সার্বিক সহায়তা প্রদান করিবে।

(৫) 'বিআরডিবি স্টুডেন্ট সেভিংস একাউন্ট' শিরোনামে হিসাব খোলা কিশোরীর বয়স ১৮ বছর পূর্ণ হওয়ার পর বাল্য বিবাহ না হওয়ার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়ন/বিআরডিবির সংশ্লিষ্ট উপজেলা অফিস প্রধানের সম্মতি না [illegible] ও প্রণোদনার অর্থ উত্তোলনের সুযোগ থাকিবে না।

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

চলমান পাতা-০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খস ৫৯৫৮৭০৯

প্রকল্প পরিচালক

উপমহাব্যবস্থাপক



(৬) উত্তোলনের আবেদনের সাথে কিশোরীর জমাকৃত ও সঞ্চয় প্রণোদনাসহ সর্বমোট উত্তোলনযোগ্য সঞ্চয়ের পরিমাণ উল্লেখ করিতে হইবে।

(৭) কিশোরীর বয়স ১৮ বছর পূর্তিতে সঞ্চয় ফেরত প্রদানের ক্ষেত্রে সঞ্চয়ের প্রণোদনা ও লভ্যাংশসহ ফেরত প্রদান করিতে হইবে।

(৮) কিশোরীর বয়স ১৮ বছরের নিচে হইলে সঞ্চয় উত্তোলনের ক্ষেত্রে সদস্যপদ বাতিল হইবে এবং তার জমাকৃত সঞ্চয় ব্যাংক মুনাফাসহ ফেরত প্রদান করা যাইবে। তবে এই ক্ষেত্রে তিনি সঞ্চয় প্রণোদনার অর্থ প্রাপ্য হইবেন না।

(৯) মৃত সদস্যের সঞ্চয় ফেরত প্রদানের ক্ষেত্রে সঞ্চয়ের প্রণোদনা ও লভ্যাংশসহ তার জমাকৃত সঞ্চয়ের অর্থ প্রাপ্য হইবেন।

(১০) মৃত সদস্যের সঞ্চয় যথাযথ বিধি-বিধান অনুসরণপূর্বক তাহার মনোনীত নমিনি উত্তোলন করিতে পারিবেন।

(১১) যদি নমিনি মনোনীত করা না থাকে তাহলে দেশের প্রচলিত আইন অনুযায়ী তাহার বৈধ ওয়ারিশগণ সংশ্লিষ্ট সদস্যের জমাকৃত সঞ্চয়সহ সঞ্চয়ের প্রণোদনা ও লভ্যাংশের অর্থ প্রাপ্য হইবেন।

(১২) BRDB এর সদস্যগণ এর নতুন হিসাবে চেক বই ইস্যু করা যাইবে।

(১৩) হিসাবের বিপরীতে কোনরূপ ব্যাংক চার্জ/ট্যাক্স কর্তন করা যাইবে না।

(১৪) কিশোরীদের সঞ্চয় জমা ও প্রণোদনা সংক্রান্ত SMS সুবিধা দ্বিতীয় পক্ষ কর্তৃক প্রদান করা হইবে এবং এ বাবদ ধার্যকৃত ফি/চার্জ বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত পরিপত্র অনুযায়ী কর্তনযোগ্য হইবে। যাহা সংশ্লিষ্ট গ্রাহক অথবা প্রয়োজন সাপেক্ষে ২য় পক্ষকে ১ম পক্ষ পুনঃভর্তরণ প্রদান করিবে। পুনঃভর্তরণ কার্য সম্পাদনের নিমিত্তে ২য় পক্ষ ১ম পক্ষকে প্রযুক্তিগত সহায়তাসহ সার্বিক সহায়তা প্রদান করিবে।

(১৫) হিসাবে জমাকৃত অর্থের বিপরীতে নির্দিষ্ট হারে লভ্যাংশ প্রদান করিতে হইবে।

(১৬) ব্যাংক কর্তৃক নিয়মিত মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক/বাৎসরিক সঞ্চয় জমা, প্রণোদনা ও লভ্যাংশ প্রদান সংক্রান্ত রিপোর্ট প্রদান করিতে হইবে।

(১৭) প্রকল্পের এ সংক্রান্ত সফটওয়্যার ও ব্যাংকের সফটওয়্যার (CBS) এর সাথে API ইন্টিগ্রেশন এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(১৮) ব্যাংকের প্রক্রিয়াগত কোন ধরণের ত্রুটি/জটিলতার কারণে প্রকল্প/কিশোরী সদস্যদের আর্থিক ক্ষতি সাধিত হলে তাহার ক্ষতিপূরণ ২য় পক্ষের উপর বর্তাইবে।

(১৯) বাংলাদেশ কৃষি ব্যাংকে বিদ্যমান স্টুডেন্ট সেভিংস হিসাব সংক্রান্ত নীতিমালা ও নিয়মাচার এর আওতায় "বিআরডিবি স্টুডেন্ট সেভিংস একাউন্ট" খুলে ব্যাংক বিধি মোতাবেক "নো ফ্রিল হিসাব" হিসেবে সুবিধাভোগীদের অগ্রাধিকার ভিত্তিতে কাঙ্খিত সেবা প্রদান করার সুযোগ থাকিতে হইবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খস ৫৯৫৮৭১০



(২০) এ সমঝোতা স্মারক ০১-০৭-২০২৪ খ্রি. তারিখে হইতে পরবর্তী ০২ (দুই) বৎসরের জন্য বলবৎ থাকিবে। তবে উভয় পক্ষের সম্মতিতে চুক্তির মেয়াদ বৃদ্ধি করা যাইবে।

(২১) হিসাব খোলা ও পরিচালনা সংক্রান্ত শর্তের কোনরূপ পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন/সংশোধন এর প্রয়োজন হইলে উভয়পক্ষের সম্মতিতে উহা করা যাইবে।

(২২) চুক্তির মেয়াদ সমাপ্তির পূর্বে যে কোন পক্ষ ০৩ (তিন) মাসের পূর্ব নোটিশে ইহা বাতিল করিতে পারিবে।

(২৩) এই চুক্তির বিষয়ে এবং এই চুক্তির অস্তিত্ব/যথার্থতা বা উহা বাতিল/সমাপ্তকরণ/সংশোধনের বিষয়ে কোনো বিরোধ দেখা দিলে উভয় পক্ষ আলোচনার মাধ্যমে উহা নিষ্পত্তি করিবে। কোনো কারণে উহা নিষ্পত্তি না হইলে প্রচলিত প্রযোজ্য আইন অনুসারে উহা নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হইবে।

(২৪) এই চুক্তিতে কোনো বিষয় লিপিবদ্ধ না থাকিলে ঐ সকল বিষয়ে উদ্ভূত সমস্যা বাস্তব প্রেক্ষাপটের আলোকে উভয় পক্ষের মধ্যে পারস্পরিক সমঝোতার মাধ্যমে নিষ্পত্তি করা হইবে।

উপর্যুক্ত শর্তাবলীর সহিত একমত পোষণ করিয়া উভয় পক্ষের নিম্নোক্ত স্বাক্ষীগণের উপস্থিতিতে অদ্য ১৯.০৮.২০২৪ তারিখে সমঝোতা স্মারক চুক্তিপত্র স্বাক্ষরিত হইল।

**দ্বিতীয় পক্ষ**

মোঃ আব্দুস সামাদ
উপমহাব্যবস্থাপক

স্বাক্ষর (সীলসহ)
উপমহাব্যবস্থাপক
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
**বাংলাদেশ কৃষি ব্যাংক**
এর পক্ষে।

**প্রথম পক্ষ**

১৯/০৮/২০২৪

স্বাক্ষর (সীলসহ)
মোঃ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ইরেসপো-২য় পর্যায়, বিআরডিবি, ঢাকা
**প্রকল্প পরিচালক**
**পল্লী ভবন**
**বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (BRDB)**
এর পক্ষে।

দ্বিতীয় পক্ষের উপস্থিত স্বাক্ষীগণ (ঠিকানাসহ)ঃ

০১। 19 Aug 2024
**ASHISH KUMAR DAS**
**Deputy General Manager**
**Bangladesh Krishi Bank**
**Kawran Bazar Corp. Branch, Dhaka.**

০২। 19/08/2024
Afruza Jahan
Assistant General Manager

প্রথম পক্ষের উপস্থিত স্বাক্ষীগণ (ঠিকানাসহ)ঃ

০১। ১৯/০৮/২৪
মোঃ আব্দুস সবুর
উপপ্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা

০২। ১৯/০৮/২৪
**শামীমা আক্তার**
**সহকারী পরিচালক (প্রশাঃ)**
**ইরেসপো-২য় পর্যায়, বিআরডিবি, ঢাকা**

“দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন”